

আরও কিছু শিক্ষা প্রতিষ্ঠান ও অফিস বোমায় উড়িয়ে দেয়ার হুমকি

জনকণ্ঠ রিপোর্ট : নিম্নলিখিত জমী সর্গঠন জেএমবি দেশের আরও বেশ কয়েকটি স্থানে ডাকঘোশে চিঠি পাঠিয়ে কিছু শিক্ষা প্রতিষ্ঠান ও অফিস বোমা মেরে উড়িয়ে দেয়ার হুমকি দিয়েছে। খবর টাফ রিপোর্টার ও নিম্নলিখিত সংবাদদাতাদের পাঠানো।

শরীয়তপুর : সদর উপজেলার শরীয়তপুর সরকারী কলেজ এবং একই উপজেলার ৮টি উচ্চ বিদ্যালয়ের প্রধানদের প্রত্যেকের নামে চিঠি পাঠিয়ে সর্গঠন শিক্ষা প্রতিষ্ঠান বোমা মেরে উড়িয়ে দেয়ার হুমকি দিয়েছে জামা আতুল মুজাহিদ্দীন বাংলাদেশ (জেএমবি)। সোমবার এবং গত দু'দিন যাবত ডাকঘোশে আসা চিঠিগুলোর সঙ্গে উর্দু ও আরবীতে লেখা হুমকিপত্র সিক্রেটেও রয়েছে। ফলে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর শিক্ষক, অভিভাবক ও ছাত্র-ছাত্রীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। অনেক অভিভাবক তাদের সন্তানদের ছুঁপ, কলেজে পাঠানো ইতোমধ্যে বন্ধ করে দিয়েছেন। শিক্ষা প্রতিষ্ঠানগুলোর প্রধানগণ এ ব্যাপারে, পালক বানায় সাধারণ জায়েরি করেছেন।

জানা গেছে, শরীয়তপুর শহরের পালক উচ্চ বিদ্যালয়, আত্রাখিয়া উচ্চ বিদ্যালয়, শরীয়তপুর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, কুমিল্লার নীলমণি উচ্চ বিদ্যালয়, শৌলপাড়া উচ্চ বিদ্যালয়, বুড়িরহাট উচ্চ

বিদ্যালয়, বিনোদপুর উচ্চ বিদ্যালয় ও শরীয়তপুর সরকারী কলেজের প্রধানদের বরাবরে হাতে লেখা বাংলা চিঠিতে ১ জানুয়ারি থেকে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে হিন্দু কবি রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা জাতীয় সঙ্গীত গায়েরা ও জাতীয় পতাকা উড়ানো হলে বোমা হামলা করে উদ্ভিষিত শিক্ষা প্রতিষ্ঠানগুলো উড়িয়ে দেয়ার হুমকি দেয়া হয়েছে।

ব্রাহ্মণবাড়িয়া : আখাইতড়া পৌরসভা বোমা মেরে উড়িয়ে দেয়ার হুমকি প্রদান করে চিঠি দিয়েছে জেএমবি। জানা যায়, ডাকঘোশে চেয়ারম্যানের কাছে আসা একটি চিঠিতে ৭ দিনের মধ্যে আখাইতড়া পৌরসভা উড়িয়ে দেয়ার হুমকি দেয়া হয়। আখাইতড়া পৌরসভার চেয়ারম্যান নুসল হক হুইয়া জানান, জেএমবি সদস্য পরিচয়ে ডাকঘোশে তার কাছে চিঠি পাঠিয়েছে।

বড়ুড়া : এয়ার বোমা মেরে উড়িয়ে দেয়ার হুমকি দেয়া হয়েছে বড়ুড়ার গাবতলীর বাগবাড়ী শহীদ জিয়া মহাবিদ্যালয়। প্রসঙ্গত, এই বাগবাড়ী গ্রামেই বিএনপির প্রতিষ্ঠাতা প্রয়াত জিয়াউর রহমানের বাড়ি। আর তার নামেই সেখানে মহাবিদ্যালয় স্থাপিত হয়। নিম্নলিখিত যোথিত জেএমবির (জামা আতুল মুজাহিদ্দীন বাংলাদেশ) পক্ষ থেকে হাতে লেখা চিঠিতে বলা হয়েছে, ওই মহাবিদ্যালয়ে ইসলামী শিক্ষা দেয়া হচ্ছে না। তাই

১৫ থেকে ১৮ ডিসেম্বরের মধ্যে কয়েকটি বোমা মেরে উড়িয়ে দেয়া হবে। কলেজের অধ্যক্ষ রবিবার বিকালে এই চিঠি পেয়ে সোমবার বাগবাড়ী পুলিশ তদন্ত কেন্দ্রে (জিটি) করেন। প্রসঙ্গত, গাবতলী উপজেলার কর্ণিপাড়া গ্রামে সিনিয়র ইন্সপেক্টর ওরফে বালা ভাইয়ের বাড়ি। এদিকে এক সূত্র জানায়, বোমার হুমকি পাওয়া ওই কলেজে বিজয় সিবুস সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। এ ঘটনার পর সেখানে বিয়াজ করা হয়েছে।

পার্বতীপুর : নাশকতার আশঙ্কায় বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন ২৯ লাখ ৭০ হাজার লিটার জ্বালানি ধারণ কুমতাসম্পন্ন পার্বতীপুর রেলহেড তেল ডিপোতে গত সোমবার থেকে নিরাপত্তার ব্যবস্থা জোরদার করা হয়েছে। জেএমবির হুমকির মুখে এই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে ধারণা করা হলো পুলিশ বলছে দেশের অন্যান্য গুরুত্বপূর্ণ স্থাপনার মতো পার্বতীপুর রেলহেড তেল ডিপোতেও কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ডিপো ইনচার্জ জানান, প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় প্রশাসনকে জানানো হয়েছে।

শিক্ষক শিক্ষার্থী ও অভিভাবকরা উদ্ভিন্ন

শ্রীপুর (গাজীপুর) : শ্রীপুরে একমাত্র মিডিয়ান রহমান গান মহিলা ডিগ্রী কলেজ বোমা মেরে উড়িয়ে দেয়ার হুমকি দিয়েছে জেএমবি। সোমবার সকাল ১০টায় কলেজ অফিসে ৫০ হাজার টাকা দাবি করে এ চিঠি দেয়া হয়েছে বলে কলেজের প্রশাসনিক সূত্রে জানা গেছে। কলেজ অধ্যক্ষ ফকির আনোয়ার হোসেন এ ব্যাপারে শ্রীপুর থানায় জিটি করেছেন।

ময়মনসিংহ : জেএমবি এবার ময়মনসিংহে জেলা রেজিষ্টার অফিস, সহকারী কমিশনার (ভূমি) ও ভূমি জরিপ অফিস বোমা মেরে উড়িয়ে দেয়ার হুমকি দিয়েছে। রবিবার এক উজ্জ্বল চিঠিতে এই হুমকি দেয়া হয়। সর্গঠন কর্তৃপক্ষ সোমবার বিষয়টি পুলিশকে জানিয়ে জীবনের নিরাপত্তা চেয়ে কেতোয়ালি পানায় জিটি করেছে। এদিকে রবিবার জেএমবির পরিচয়ে এক টেলিফোনে ময়মনসিংহ খামারবাড়ির উপপরিচালক কৃষিবিদ নুসল চন্দ্র সরকারকে চীদা চেয়ে হুমকি দিয়েছে। এতে চীদা না দিলে মৃত্যুর জন্য প্রস্তুত থাকতে বলা হয়।

ভালুকা (ময়মনসিংহ) : উপজেলার প্রাণ কেন্দ্রে অবস্থিত ভালুক পাইলট উচ্চ বিদ্যালয় ১৫ ডিসেম্বর বোমা মেরে উড়িয়ে দেয়ার হুমকি দেয়া হয়েছে। সোমবার বেলা ২টার দিকে ভুলের সহশিক্ষক আব্দুল মঈন মোবাইল ফোনে তার পরিচয় গোপন রেখে হুমকি দেয়া হলে বিদ্যালয় সূত্রে জানা গেছে।